

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০০.৯১০০.০১৭.২৭.০০২.১৬(অংশ-১)- ২৩০

তারিখ : ২৯ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ।  
১১ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ।


অফিস আদেশ

যেহেতু সিলেট জেলার বালাগঞ্জ উপজেলাধীন পূর্ব গৌরীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মাওলানা ক্বারী তরিকুল ইসলাম এর বিরুদ্ধে বালাগঞ্জ থানায় দায়েরকৃত জি.আর মামলা নং-৩৪/২০১৫ এর অভিযোগপত্র গত ০৯.০৮.২০১৫ খ্রি: তারিখ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালতে উল্লিখিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর বিরুদ্ধে মামলা বিচারার্থীন থাকায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু উক্ত ইউপি চেয়ারম্যানকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২. এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।


  
(শরীফা আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৯১০০.০১৭.২৭.০০২.১৬(অংশ-১)- ২৩০/১(৫)

তারিখ : ২৯ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ।  
১১ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, সিলেট।
০২. উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ, সিলেট।
০৩. মাওলানা ক্বারী তরিকুল ইসলাম, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), পূর্ব গৌরীপুর ইউনিয়ন পরিষদ, বালাগঞ্জ, সিলেট।
০৪. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
(শরীফা আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব